

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৪৫২

৪৫/ দু'আসমূহ (ৠৄ كتاب الدعوات عن رسول الله) পরিচ্ছেদঃ ৫২. রাগের আবির্ভাব হলে যে দু'আ পাঠ করবে

باب مَا يَقُولُ عِنْدَ الْغَضَب

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بِن عَيْلاَن ، حَدَّثَنَا عَبِيصة ، أَخْبَرَنَا سُفْيَان ، عَنْ عَبْدِ الْمَلِك بِن عُمَيْر ، عَنْ عَبْدِ الرَّحْمَن بِن أَبِي لَيْلَى ، عَنْ مُعَاذ بْن جَبَل ، رضى الله عنه قَالَ اسْتَبَّ رَجُلاَنِ عِنْد النَّبِيِّ صلى الله عليه وسلم حَتَّى عُرِفَ الْغَضَبُ فِي وَجْهِ أَحَدِهِما فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " إِنِي لأَعْلَمُ كَلِمَةً لَوْ قَالَهَا لَدَهَبَ غَضَبُهُ أَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ " . عَدَّثَنَا بُنْدَار ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَن بْنُ أَبِي لَيْلَى لَمْ يَسْمَعْ مِن سُفْيَان ، بِهَذَا الإسْنَاد نَحُوهُ . قَالَ وَفِي الْبَابِ عَنْ سُلْيْمَان بْنِ صَرُد قَالَ وَهَذَا حَدِيثٌ مُرْسَلٌ . عَبْدُ الرَّحْمَن بْنُ أَبِي لَيْلَى لَمْ يَسْمَعْ مِنْ مُعَاذ بْنِ جَبَل مَاتَ مُعَاذ فِي خِلاَفَةِ عُمَر بْنِ الْخَطَّاب وَقُتِلَ عُمَرُ بْنُ الْخَطَّاب وَعَبْدُ الرَّحْمَن بْنُ أَبِي لَيْلَى لَمْ يَسْمَعْ مِنْ مُعَاذ بْن جَبَل مَاتَ مُعَاذ فِي خِلاَفَةِ عُمَر بْنِ الْخَطَّاب وَقُتِلَ عُمَرُ بْنُ الْخَطَّاب وَعَبْدُ الرَّحْمَن بْنُ أَبِي لَيْلَى عُلُامٌ ابْنُ سِتِ سِنِينَ وَهَكَذَا رَوَى شُعْبَة عَنِ الْحَكَم عَنْ عَبْد الرَّحْمَن بْنُ أَبِي لَيْلَى عُلُامٌ ابْنُ سِتِ سِنِينَ وَهَكَذَا رَوَى شُعْبَة عَنِ الْحَكَم عَنْ عَبْد الرَّحْمَن بْنُ أَبِي لَيْلَى وَقَدْ رَوَى عَبْدُ الرَّحْمَن بْنُ أَبِي لَيْلَى عَنْ عُمَرَ بْنِ الْخَطَّاب وَرَاهُ وَعَدْ الرَّحْمَن بْنِ أَبِي لَيْلَى وَقَدْ رَوَى عَبْدُ الرَّحْمَن بْنِ أَبِي لَيْلَى عَنْ عُمْر بْنِ الْخَطَّاب وَرَاهُ كَالَ الْدُرَكْتُ عِشْرِينَ وَمِائَةً مِنَ الْأَنْصَارِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم .

বাংলা

৩৪৫২। মু'আয ইবনু জাবাল (রাযিঃ) হতে বর্ণিত আছে। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সামনে দুই লোক পরস্পরকে গালি-গালাজ করে। এমনকি তাদের একজনের মুখমণ্ডলের রাগের ছাপ স্পষ্ট হয়ে উঠে। সে সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ নিশ্চয় আমি এমন একটি বাক্য জানি, এ ব্যক্তিটি যদি তা উচ্চারণ করত তবে অবশ্যই তার ক্রোধ চলে যেত। তা হলঃ "আমি বিতাড়িত শাইতান হতে আল্লাহ তা'আলার কাছে আশ্রয় প্রার্থনা করি।"



সহীহঃ রাওযুন নায়ীর (হাঃ ৬৩৫), বুখারী (হাঃ ৬১১৫), মুসলিম (হাঃ ৮/৩০-৩১), সুলাইমান ইবনু সুরাদ হতে।

এই অনুচ্ছেদে সুলাইমান ইবনু সুরাদ হতেও হাদীস বর্ণিত আছে। মুহাম্মাদ ইবনু বাশশার-আবদুর রহমান (ইবনু আবৃ লাইলা) হতে, তিনি সুফইয়ান (রহঃ) হতে এই সনদে একই রকম বর্ণনা করেছেন। এ হাদীসটি মুরসাল। আবদুর রহমান ইবনু আবী লাইলা (রাহঃ) মুআ্য ইবনু জাবাল (রাযিঃ) হতে আদৌ হাদীস শুনেননি। কারণ মুআ্য (রাযিঃ) উমর ইবনুল খাত্তাব (রাযিঃ)-এর খিলাফতকালে মৃত্যুবরণ করেন। আর যে সময় উমার ইবনুল খাত্তাব (রাযিঃ) শহীদ হন সে সময় আবদুর রহমান ইবনু আবী লাইলা মাত্র ছয় বছরের বালক।

শু'বাহ (রাহঃ) হাকাম হতে, তিনি আবদুর রহমান ইবনু আবী লাইলার সূত্রে একই রকম রিওয়ায়াত করেছেন। আবদুর রহমান ইবনু আবী লাইলা (রাহঃ) উমার ইবনুল খাত্তাব (রাযিঃ) হতে রিওয়ায়াত করেছেন এবং তিনি তাকে প্রত্যক্ষ করেছেন। আবদুর রহমান ইবনু আবী লাইলার উপনাম আবূ ঈসা এবং তার পিতা আবী লাইলার নাম ইয়াসার। আবদুর রহমান ইবনু আবী লাইলা হতে বর্ণিত আছে যে, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম -এর এক শত বিশজন সাহাবীর সাক্ষাৎ লাভ করেছি।

English

Mu`adh bin Jabal narrated:

that one of the two men cursed the other next to the Prophet (ﷺ), until anger could be recognized in the face of one of them. So the Prophet (ﷺ) said: "Verily, I know a statement, that if he were to say it, his anger would leave: 'I seek refuge in Allah from Shaitan, the rejected (A`ūdhu billāhi minash-shaiṭānir-rajīm).'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন